

কাশিয়ানী প্রাথমিক শিক্ষা অফিসে টাকা ছাড়া কাজ হয় না!

গোপালগঞ্জ প্রতিনিধি

জেলার কাশিয়ানী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে টাকা ছাড়া কোন কাজ হয় না। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলিসহ সব ধরনের কার্যক্রম টাকা ছাড়া হচ্ছে না বলে অভিযোগ রয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষক জানান, কাশিয়ানী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ রফিকুল ইসলাম বেতন পান সর্বশাকুল্যে ৩০ হাজার টাকা। এর মধ্যে জিপিএফ লোন কার্টেন ১৫ হাজার টাকা। কাশিয়ানীতে বাসা ভাড়া দেন ৭ হাজার টাকা। এর পর গ্রামের বাড়িতে তিলতলা বিস্তিং করছেন। তিনিই এ অফিসকে ঘুম বাগিচার কেন্দ্রে পরিণত করেছেন।

সিনিয়র শিক্ষকদের বাদ দিয়ে মোটা অংকের টাকার বিনিময়ে জুনিয়র শিক্ষকদের বদলি করেন। এ সুযোগে অফিসের অফিসার থেকে গুরু করে পিয়ন পর্যন্ত টাকা আদায় করছেন। বিষয়টি ওপেন সিকরেট হলেও দেখার কেউ নেই।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ রফিকুল ইসলাম টাকা আদায়ের অভিযোগ অস্বীকার করে বলেন, তদন্ত করলে টাকা আদায় অভিযোগের সত্যতা পাওয়া যাবে না। অভিযোগের জনাই হয়তো কেউ অভিযোগ করতে পারেন।